

الذِّكْرِ



কতিপয় দোয়া ও

জিকির

অনুবাদঃ

মুহাম্মাদ আব্দুর রব্ব আফফান

أذكار

কতিপয় দোয়া ও
জিকির

অনুবাদ:

মুহাম্মাদ আব্দুর রব্ব আফফান

সকাল সন্ধ্যায় পঠিত জিকর

১- اللهم بك أصبحنا وبك أمسينا بك
نحيا ونموت وإليك النشور

অর্থ: হে আল্লাহ তোমার নামেই আমরা সকাল
করেছি ও তোমার নামেই আমরা সন্ধ্যা করেছি
এবং তোমার নামেই বেচে আছি ও তোমার
নামেই মৃত্যুবরণ করব এবং তোমারই নিকট
আমাদের সকলের পূণরুত্থান।

اللهم بك أمسينا وبك أصبحنا بك نحيا
ونموت وإليك المصير

অর্থ: হে আল্লাহ তোমার নামেই আমরা
সন্ধ্যা করেছি ও তোমার নামেই আমরা
সকাল করেছি এবং তোমার নামেই বেঁচে
আছি ও তোমার

নামেই মৃত্যুবরণ করব এবং তোমারই নিকট
আমাদের সকলের পূণরুত্থান।

۲- اللهم أنت ربي، لا إله إلا أنت خلقتني
وأنا عبدك وأنا على عهدك ووعدك ما
استطعت، أعوذ بك من شر ما صنعت، أبوء
لك بنعمتك علي، وأبوء بذنبي فاغفر لي
فإنه لا يغفر الذنوب إلا أنت.

অর্থ: হে আল্লাহ! তুমিই আমার প্রতিপালক।
তুমি ছাড়া কোন সত্য উপাস্য নেই। তুমিই
আমাকে সৃষ্টি করেছ, আমি তোমার বান্দা।
আমি তোমার প্রতিশ্রুতি ও অঙ্গীকারের উপর
যথাসাধ্য প্রতিষ্ঠিত আছি। আমি যা করেছি
তার মন্দ থেকে তোমার নিকট আশ্রয়
চাচ্ছি। আমার উপর তোমার যে নিয়ামত

রয়েছে তা আমি স্বীকার করছি এবং আমার
অপরাধও আমি স্বীকার করছি। সুতরাং তুমি
আমাকে মার্জনা করে দাও, যেহেতু তুমি
ছাড়া আর কেউ পাপ মার্জনা করতে পারে
না।

৩ - أَعُوذُ بِكَلِمَاتِ اللَّهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا
خَلَقَ .

অর্থ: আমি আল্লাহর পরিপূর্ণ কালেমাগুলির
অসীলায়, তিনি যা সৃষ্টি করেছেন তার মন্দ
হতে আশ্রয় প্রার্থনা করছি। (সন্ধ্যায় ৩ বার)

৪ - بِسْمِ اللَّهِ الَّذِي لَا يَضُرُّهُ مَعَ اسْمِهِ شَيْءٌ
فِي الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ وَهُوَ السَّمِيعُ
الْعَلِيمُ .

অর্থ: আমি শুরু করছি সেই আল্লাহর নামে

যার নামের সাথে পৃথিবীর ও আকাশের
কোন জিনিস ক্ষতি সাধন করতে পারে না,
এবং তিনিই সর্বশ্রোতা সর্বজ্ঞ । (৩ বার)

৫ - رضيت بالله ربا، وبالإسلام ديناً،
وبمحمد ﷺ نبياً.

অর্থ: আমি আল্লাহকে প্রভু হিসেবে,
ইসলামকে ধীন হিসেবে এবং মুহাম্মাদ ﷺ
কে নাবী রূপে লাভ করে পরিতুষ্ট । (৩ বার)

৬ - سبحان الله وبحمده عدد خلقه ورضا
نفسه وزنة عرشه ومداد كلماته.

অর্থাৎ আমি আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি
তাঁর প্রশংসার সাথে তাঁর যত সৃষ্টি বস্তু
রয়েছে সে পরিমাণ, তাঁর আত্মার সন্তুষ্টি হয়
সে পরিমাণ, তাঁর আরশের ওজনের সমান
ও তাঁর কালেমাসমূহ লিখার কালি পরিমাণ

(অসংখ্যবার ।) (সকালে ৩ বার)

৭ - سبحان الله وبحمده.

অর্থ: আল্লাহ তায়ালার পবিত্রতা বর্ণনা করছি
ও তার প্রশংসা করছি । (১০০ বার)

৮ - لا إله إلا الله وحده لا شريك له، له

الملك وله الحمد، وهو على كل شيء قدير

অর্থ: আল্লাহ ব্যতীত কোন সত্য উপাস্য
নেই, তিনি একক, তার কোন অংশীদার
নেই, একচ্ছত্র মালিকানা শুধু তার, তারই
সকল প্রশংসা, তিনি সকল বিষয়ের উপর
ক্ষমতাবান । (১০ বার)

৯ - قل هو الله أحد، الله الصمد، لم يلد

ولم يولد، ولم يكن له كفوا أحد.

অর্থঃ “তুমি বল, আল্লাহ্ এক, আল্লাহ্ এমন এক সত্ত্বা, যার নিকট সব কিছুই মুখাপেক্ষী, তিনি জন্ম দেন নাই এবং জন্ম নেন নাই। আর তাঁর সমকক্ষও কেউ নাই।

১০ - قل أعوذ برب الفلق، من شر ما خلق،
ومن شر غاسق إذا وقب، ومن شر النفاثات
في العقد، ومن شر حاسد إذا حسد .

অর্থঃ “বল, আমি আশ্রয় গ্রহণ করছি প্রভাতের পালনকর্তার, তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট থেকে। অন্ধকার রাতের অনিষ্ট থেকে যখন তা সমাগত হয়। গ্রন্থিতে ফুৎকার দিয়ে যাদুকারিনীদের অনিষ্ট থেকে এবং হিংসুকের অনিষ্ট থেকে যখন সে হিংসা করে।”

۱۱ - قل أعوذ برب الناس، ملك الناس،
إله الناس، من شر الوسواس الخناس،
الذي يوسوس في صدور الناس من الجنة
والناس .

অর্থঃ “বল, আমি আশ্রয় গ্রহণ করছি
মানুষের পালনকর্তার, মানুষের অধিপতির,
মানুষের মাবুদের, তার অনিষ্ট থেকে যে
কুমন্ত্রণা দেয় ও আত্মগোপন করে, যে
কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে জ্বিনদের মধ্য
থেকে এবং মানুষের মধ্য থেকে।”

ঘুম্যানোর পূর্বে পঠিত জিকির

۱۲ - آمن الرسول بما أنزل إليه من ربه

والمؤمنون كل آمن بالله وملائكته وكتبه
 ورسله لا نفرق بين أحد من رسله وقالوا
 سمعنا وأطعنا غفرانك ربنا وإليك المصير. لا
 يكلف الله نفسا إلا وسعها لها ما كسبت
 وعليها ما اكتسبت ربنا لا تؤاخذنا إن نسينا أو
 أخطأنا ربنا ولا تحمل علينا إصرا كما حملته
 على الذين من قبلنا ربنا ولا تحملنا ما لا
 طاقة لنا به واعف عنا واغفر لنا وارحمنا أنت
 مولانا فانصرنا على القوم الكافرين.

অর্থাৎ: “রাসূল তার প্রতি তার প্রতিপালকের
 পক্ষ হতে যা অবতীর্ণ করা হয়েছে তাতে
 ঈমান এনেছে এবং মুমিনগণও। তাদের

সকলে আল্লাহে, তার ফেরেস্টাগণে, তার
কিতাবসমূহে, এবং তার রাসূলগণে ঈমান
এনেছে। তারা বলে আমরা রাসূলগণের
মধ্যে কোন তারতম্য করি না, আর তারা
বলে: আমরা শুনেছি ও পালন করেছি, হে
আমাদের প্রতিপালক! আমরা তোমার ক্ষমা
চাই, আর প্রত্যাবর্তন তোমারই নিকট।

আল্লাহ কারো উপর এমন কোন কষ্টদায়ক
দায়িত্ব অর্পণ করেন না যা তার সাধ্যাতীত।
সে ভাল যা উপার্জন করে তার প্রতিফল
তারই এবং সে মন্দ যা উপার্জন করে তার
প্রতিফল তারই। হে আমাদের প্রতিপালক!
যদি আমরা ভুলে যাই অথবা ভুল করি তবে
তুমি আমাদেরকে পাকড়াও করো না।

হে আমাদের প্রতিপালক! আমাদের
পূর্ববর্তীদের উপর যেমন গুরুদায়িত্ব অর্পণ

করেছিলে আমাদের উপর তেমন দায়িত্ব
অর্পণ করো না।

হে আমাদের প্রতিপালক! এমন ভার
আমাদের উপর অর্পণ করো না, যা বহন
করার শক্তি আমাদের নেই।

আমাদের পাপ মোচন কর, আমাদেরকে ক্ষমা
কর, আমাদের দয়া কর, তুমিই আমাদের
অভিভাবক। সুতরাং কাফের সম্প্রদায়ের
বিরুদ্ধে আমাদেরকে জয়যুক্ত কর।

১৩- الله لا إله إلا هو الحي القيوم لا

تأخذه سنة ولا نوم له ما في السموات وما

في الأرض من ذا الذي يشفع عنده إلا بإذنه

يعلم ما بين أيديهم وما خلفهم ولا يحيطون

بشيء من علمه إلا بما شاء وسع كرسيه
السموات والأرض ولا يؤده حفظهما وهو
العلي العظيم.

অর্থঃ আল্লাহ, তিনি ব্যতীত কোন সত্যিকার
মা'বুদ নেই। তিনি চিরঞ্জীব, সর্ব সত্তার ধারক।
তাঁকে তন্দ্রা বা নিদ্রা স্পর্শ করে না। আকাশ ও
পৃথিবীতে যা কিছু আছে সবই তাঁর। কে সে, যে
তাঁর অনুমতি ব্যতীত তাঁর নিকট সুপারিশ করবে?
তাদের সম্মুখে ও পশ্চাতে যা কিছু আছে তা তিনি
অবগত। যা তিনি ইচ্ছা করেন তা ব্যতীত তাঁর
জ্ঞানের কিছুই তারা আয়ত্ত করতে পারে না। তাঁর
“কুরসী” আকাশসমূহ ও পৃথিবীময় পরিব্যাপ্ত।
এদের রক্ষণাবেক্ষণ তাঁকে ক্লান্ত করেনা আর
তিনি মহা শ্রেষ্ঠ।

১৪ - بِاسْمِكَ اللَّهُمَّ أَمُوتَ وَأَحْيَا.

অর্থ: হে আল্লাহ! আমি তোমার নামে মৃত্যুবরণ করছি আবার তোমার নামেই জীবিত হয়ে উঠব।

১৫ - اللَّهُمَّ قَنِي عَذَابِكَ يَوْمَ تَبْعَثُ عِبَادَكَ .

অর্থ: হে আল্লাহ! আমাকে তোমার আযাব থেকে রক্ষা করো সেই দিবসে যখন তুমি তোমার বান্দাদেরকে পুনরুত্থান করবে।

১৬ - سُبْحَانَ اللَّهِ

অর্থ: আল্লাহ পবিত্র। (৩৩ বার)

১৭ - الْحَمْدُ لِلَّهِ

অর্থ: সকল প্রশংসা আল্লাহর জন্য। (৩৩বার)

১৮ - اللَّهُ أَكْبَرُ.

অর্থ: আল্লাহ মহান। (৩৪ বার।)

বৈঠকের কাফফারাহ

১৭ - سبحانك اللهم وبحمدك أشهد أن

لا إله إلا أنت أستغفرك وأتوب إليك.

অর্থাৎ, হে আল্লাহ! আমি তোমার প্রশংসার সাথে তোমার পবিত্রতা ঘোষণা করছি। আমি সাক্ষ্য দিচ্ছি যে, তুমি ছাড়া কোন সত্য মাবুদ নেই, আমি তোমার কাছে ক্ষমা প্রার্থনা করছি ও তোমার নিকটে তাওবা করছি।

পেশাব ও পায়খানায় প্রবেশ ও বের হওয়ার দোয়া

২০ - (بِسْمِ اللَّهِ) اللهم إني أعوذ بك من

الخبث والخبائث

অর্থাৎ হে আল্লাহ! আমি তোমার কাছে শয়তান পুরুষ ও মহিলা জিন হতে আশ্রয়

প্রার্থনা করছি।

২১ - غفرانك

অর্থাৎ হে আল্লাহ! আমি তোমার সমীপে ক্ষমা প্রার্থনা করছি।

অজুর পর দোয়া

২২ - أشهد أن لا إله إلا الله وحده لا شريك له و أشهد أن محمدا عبده ورسوله.

অর্থ: আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন সত্য উপাস্য নেই, তিনি একক, তার কোন অংশীদার নেই এবং মুহাম্মাদ ﷺ তাঁর বান্দা ও রাসূল।

২৩ - اللهم اجعلني من التوابين واجعلني من المتطهرين.

অর্থ: হে আল্লাহ তুমি আমাকে তাওবাকারীদের
অন্তর্ভুক্ত করো ও আমাকে পবিত্রতা
অর্জনকারীদের অন্তর্ভুক্ত করো।

এস্তেখারার দোয়া

٢٤ - اللهم إني أستخيرك بعالمك،
وأستقدرك بقدرتك، وأسألك من
فضلك العظيم، فإنك تقدر ولا أقدر،
وتعلم ولا أعلم، وأنت علام الغيوب،
اللهم إن كنت تعلم أن هذا الأمر خير
لي في ديني ومعاشي وعاقبة أمري،
فأقدره لي ويسره لي ثم بارك لي فيه،
وإن كنت تعلم أن هذا الأمر شر لي

في ديني ومعاشي وعاقبة أمري،
فأصرفه وأصرفني عنه وأقدر لي الخير
حيث كان ثم أرضني به.

অর্থাৎ হে আল্লাহ! নিশ্চয়ই আমি তোমার
নিকট তোমার ইলমের অসীলঅয় মঙ্গল
প্রার্থনা করছি। তোমার কুদরতের অসীলায়
ক্ষমতা প্রার্থনা করছি এবং মহা অনুগ্রহ
কামনা করছি। কেননা, তুমি ক্ষমতা রাখ,
আমি ক্ষমতা রাখি না, তুমি সব কিছু জান
আমি জানি না এবং তুমি গায়েব সম্পর্কে
সর্বাঙ্গ। হে আল্লাহ! যদি তুমিই এই (..)
কাজ আমার জন্য আমার দ্বীন, দুনিয়াবী,
জীবনে এবং আমার সর্বশেষ পরিণামে ভাল
জান তাহলে তা আমার জন্য নির্ধারিত ও

সহজ করে দাও। অতঃপর তাতে আমার জন্য বরকত দান কর। আর যদি তুমি এই কাজ আমার জন্য আমার দ্বীন, দুনিয়াবী, জীবনে এবং আমার সর্বশেষ পরিণামে মন্দ জান তাহলে তা আমার নিকট থেকে ফিরিয়ে নাও এবং আমাকে ওর নিকট থেকে সরিয়ে দাও। আর যাতেই মঙ্গল রয়েছে, আমার জন্য নির্ধারণত কর, অতঃপর তাতে আমার মনকে পরিতুষ্ট করে দাও।

নামাযান্তে পঠিত জিকির

২০ - أستغفر الله

অর্থাৎ আমি আল্লাহর সমীপে ক্ষমা প্রার্থনা করছি। (৩বার)

২১ - اللهم أنت السلام ومنك السلام

تباركت يا ذا الجلال والإكرام.

অর্থ: হে আল্লাহ! তুমিই শান্তি দাতা, তোমার নিকট হতেই শান্তি আসে, হে সম্মানীত ও মর্যাদাবান আল্লাহ! তুমি বরকতময়।

۲۷ - لا إله إلا الله وحده لا شريك له، له

الملك وله الحمد وهو على كل شيء قدير.

অর্থ: আল্লাহ ব্যতীত কোন সত্য উপাস্য নেই, তিনি একক, তার কোন অংশীদার নেই, একচ্ছত্র মালিকানা শুধু তার, তারই সকল প্রশংসা, তিনি সকল বিষয়ের উপর ক্ষমতাবান।

۲۸ - لا حول ولا قوة إلا بالله.

অর্থ: একমাত্র তোমার অনুগ্রহ ছাড়া কোন ভাল কাজ করার এবং অন্যায় কাজ থেকে বিরত থাকার শক্তি বা ক্ষমতা আমাদের নেই।

۲۹ - لا إله إلا الله، ولا نعبد إلا إياه له

النعمة وله الفضل وله الثناء الحسن.

আর একমাত্র আল্লাহ ছাড়া আর কোন সত্যিকার উপাস্য নেই, কাজেই একমাত্র তাঁর ছাড়া আমরা আর কারো ইবাদত করব না। আর তাঁরই সমস্ত নি'য়ামত, সমস্ত অনুগ্রহ ও সমস্ত উত্তম প্রশংসা।

۳০ - لا إله إلا الله مخلصين له الدين ولو

كره الكافرون.

অর্থ: একমাত্র আল্লাহ ছাড়া আর কোন সত্যিকার উপাস্য নেই, আমরা তাঁরই আনুগত্য করি একনিষ্ঠতার সাথে; যদিও কাফিররা তা অপছন্দ করে।

۳১ - اللهم لا مانع لما أعطيت ولا معطي

لما منعت لا ينفع ذا الجد منك الجد.

অর্থ: হে আল্লাহ! তুমি যা দান কর, তা কেউ বন্ধ করতে পারে না। আর তুমি যা না দাও তা, তাকে কেউ দান করতে পারে না। আর কোন সম্মানী ও বিত্তশালী ব্যক্তির উচ্চ পদ-মর্যাদা ও ধনসম্পদ তোমার শাস্তি হতে তাকে কোনক্রমেই রক্ষা করতে পারে না তোমার নিকট সম্মান।

৩২ - سبحان الله، والحمد لله، والله أكبر.

অর্থ: আল্লাহ পবিত্র, সকল প্রশংসা আল্লাহর জন্য, আল্লাহ মহান। (৩৩ বার)

৩৩ - الله لا إله إلا هو الحي القيوم لا

تأخذه سنة ولا نوم له ما في السموات وما

في الأرض من ذا الذي يشفع عنده إلا بإذنه

يعلم ما بين أيديهم وما خلفهم ولا يحيطون
 بشيء من علمه إلا بما شاء وسع كرسيه
 السموات والأرض ولا يؤده حفظهما وهو
 العلي العظيم

অর্থঃ আল্লাহ, তিনি ব্যতীত কোন সত্যিকার
 মা'বুদ নেই। তিনি চিরঞ্জীব, সর্ব সত্তার ধারক।
 তাঁকে তন্দ্রা বা নিদ্রা স্পর্শ করে না। আকাশ ও
 পৃথিবীতে যা কিছু আছে সবই তাঁর। কে সে, যে
 তাঁর অনুমতি ব্যতীত তাঁর নিকট সুপারিশ করবে?
 তাদের সম্মুখে ও পশ্চাতে যা কিছু আছে তা তিনি
 অবগত। যা তিনি ইচ্ছা করেন তা ব্যতীত তাঁর
 জ্ঞানের কিছুই তারা আয়ত্ত করতে পারে না। তাঁর
 “কুরসী” আকাশসমূহ ও পৃথিবীময় পরিব্যাপ্ত।
 এদের রক্ষণাবেক্ষণ তাঁকে ক্লান্ত করে না আর
 তিনি মহা শ্রেষ্ঠ।

۳۴- قل هو الله أحد، الله الصمد، لم يلد ولم يولد، ولم يكن له كفوا أحد.

অর্থঃ “তুমি বল, আল্লাহ্ এক, আল্লাহ্ এমন এক সত্ত্বা, যার নিকট সব কিছুই মুখাপেক্ষী, তিনি জন্ম দেন নাই এবং জন্ম নেন নাই। আর তাঁর সমকক্ষও কেউ নাই।

۳۵- قل أعوذ برب الفلق، من شر ما خلق، ومن شر غاسق إذا وقب، ومن شر النفاثات في العقد، ومن شر حاسد إذا حسد.

অর্থঃ “বল, আমি আশ্রয় গ্রহণ করছি প্রভাতের পালনকর্তার, তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট থেকে। অন্ধকার রাতের অনিষ্ট থেকে যখন তা সমাগত হয়। গ্রহস্থিতে ফুঁৎকার দিয়ে যাদুকারিনীদের অনিষ্ট

থেকে এবং হিংসুকের অনিষ্ট থেকে যখন সে হিংসা করে।”

۳۶- قل أعود برب الناس، ملك الناس،
إله الناس، من شر الوسواس الخناس،
الذي يوسوس في صدور الناس من الجنة
والناس.

অর্থঃ “বল, আমি আশ্রয় গ্রহণ করছি
মানুষের পালনকর্তার, মানুষের অধিপতির,
মানুষের মা'বুদের, তার অনিষ্ট থেকে যে
কুমন্ত্রণা দেয় ও আত্মগোপন করে, যে
কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে জ্বিনদের মধ্য
থেকে এবং মানুষের মধ্য থেকে।”

